

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা
www.ictd.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৩০.২২.০০২.২০.৬১

তারিখ: ২৯ আষাঢ়, ১৪২৭


১৩ জুলাই ২০২০

বিষয়: “জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮” এর বাস্তবায়ন অগ্রগতির হার প্রেরণ সংক্রান্ত

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০০.০০০০.০১৫.৩২.০০৩.১৮.৪৩ তারিখ: ০১ জুলাই ২০২০

উপরিউক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয় হতে ‘জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮’ এর কর্ম-পরিকল্পনা ভিত্তিক করণীয় বিষয়সমূহ বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, উক্ত মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত ৭৪ টি করণীয় বিষয়ের ওপর প্রতিবেদন প্রেরণ করা হয়েছে কিন্তু বাস্তবায়ন অগ্রগতির হার প্রেরণ করা হয়নি। এছাড়া, ২৭ টি করণীয় বিষয়ের ওপর গৃহীত কোন পদক্ষেপ উল্লেখ করা হয়নি। উল্লেখ্য, উক্ত মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত ৭৪ টি করণীয় বিষয়ের মধ্যে ১৯ টি বিষয় কৃষি মন্ত্রণালয় কর্তৃক লিড/ কো-লিড/সহযোগী মন্ত্রণালয় হিসেবে বাস্তবায়নযোগ্য। অবশিষ্ট বিষয়সমূহ সকল মন্ত্রণালয়/বিভাগ ক্রয়কারী কর্তৃপক্ষ হিসেবে বাস্তবায়নযোগ্য। ৫৭ টি করণীয় বিষয় স্বল্পমেয়াদে অর্থাৎ ২০২১ সালের মধ্যে ১০০% বাস্তবায়ন করতে হবে।

২. এমতাবস্থায় স্বল্পমেয়াদে বাস্তবায়নযোগ্য করণীয় বিষয়সমূহের বাস্তবায়ন অগ্রগতির হার এবং মধ্যমেয়াদে এবং দীর্ঘমেয়াদে বাস্তবায়নযোগ্য করণীয় বিষয়সমূহ বাস্তবায়নের জন্য কিকি উদ্যোগ গ্রহণ করা হয়েছে তা বাস্তবায়ন অগ্রগতির হারসহ জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



১৩-৭-২০২০

সালমা সিদ্দিকা মাহতাব

উপসচিব

ফোন: +৮৮-০২-৫৫০০৬৮৭২

ইমেইল: salma.siddiqua@ictd.gov.bd

সচিব

সচিবের দপ্তর

কৃষি মন্ত্রণালয়


স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৩০.২২.০০২.২০.৬১/১

তারিখ: ২৯ আষাঢ়, ১৪২৭

১৩ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।)



১৩-৭-২০২০

সালমা সিদ্দিকা মাহতাব

উপসচিব